

চান্দিনায় এসএসসির ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

সংবাদ : | প্রতিনিধি, চান্দিনা (কুমিল্লা)

| ঢাকা , শনিবার, ১৬ নভেম্বর ২০১৯

কুমিল্লার চান্দিনায় ২০২০ সালের এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণে অধিকাংশ স্কুল ও মাদ্রাসায় সর্বনিম্ন ৩ হাজার থেকে সর্বোচ্চ ৫ হাজার টাকা পর্যন্ত ফি আদায় করছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। অতিরিক্ত ফিতে দুই ছেলের ফরম পূরণে ব্যর্থ হয়ে উপজেলা নির্বাহী অফিসারের কাছে লিখিত অভিযোগ করেছেন পিতা জাহিরুল ইসলাম।

তিনি জানান, আমার দুই ছেলে জাহিদ ও যাবেদ উপজেলার কৈলাইন তুলুপাই উচ্চ বিদ্যালয় থেকে এবার এসএসসি পরীক্ষার্থী। আমি অটো চালিয়ে সংসার চালানোর পাশাপাশি ছেলেদের লেখাপড়া শিখাচ্ছি। তাদের ফরম ফিলাপের জন্য গেলে প্রধান শিক্ষক আমার দুই ছেলের জন্য ৫ হাজার টাকা করে ১০ হাজার টাকা দাবি করেন। আমি বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি, এলাকার নেতৃবৃন্দসহ সকলের দ্বারে দ্বারে ঘুরলেও কেউ সহযোগিতা করেননি। অবশেষে গত বৃহস্পতিবার আমাকে জানিয়ে দেওয়া হয়

আমার ছেলেদের ফরম ফিলাপ হবে না। বাধ্য হয়ে আমি ইউএনও বরাবর লিখিত অভিযোগ জানাই। এব্যাপারে কৈলাইন তুলপাই উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবু লাল সরকার বিষয়টি অস্বীকার করে বলেন, আমরা বোর্ডের নির্ধারিত ফি ব্যতীত কোন টাকা নেই না। বিদ্যালয়ের সভাপতি আবুল কালাম আজাদও বলেন একই কথা। তবে বিদ্যালয়ের অভিভাবক সদস্য বাচুচ মিয়া জানান ভিন্ন কথা। তিনি জানান- গত ৩০ অক্টোবর আমরা সভা করে পরীক্ষার ফি ২ হাজার, কোচিং ফি ১৫শ এবং উন্নয়ন ফি ৫শ টাকা নির্ধারণ করে সিদ্ধান্ত নেই। সেই সিদ্ধান্তেই ফরম ফিলাপ হচ্ছে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) স্নেহাশীষ দাশ জানান, অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবো।